23

তারিখ 01 OCT 1996

পৃষ্ঠা ৪ কলাম ৬

আজকের কাগজ

## চ.বি'র অচলাবস্থা কাটেনি — ৫ অক্টোবর পর্যন্ত ক্লাস স্থগিত

চ.বি প্রতিবেদক : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সংঘটিত সাম্প্রতিক ঘটনার সুষ্ঠু তদন্ত এবং দোষী ব্যক্তিদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে গতকাল ৩ সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্ত কমিটি ১ সপ্তার মধ্যে রিপোর্ট পেশ করবে। গতকাল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত সিন্ডিকেটের বিশেষ সভায় এ কমিটি গঠন করা হয়েছে। সভায় বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস আগামী ৫ অক্টোবর পর্যন্ত স্থগিত করা হয়েছে। পরীক্ষাগুলো অনুষ্ঠানের ব্যাপারেও কোনো সিদ্ধান্ত হয়নি। গতকাল সকালে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের উপাচার্য রফিকুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি নিয়ে আলোচনা হয়। গত শুক্রবার ছাত্রলীগ ও ছাত্রশিবিরের মধ্যে অনুষ্ঠিত সমঝোতা বৈঠকে উভয় দলের সুপারিশক্রমে এই সভা হয়। এদিকে ছাত্রলীগ লাগাতার অবরোধ কর্মসূচি প্রত্যাহারের পর প্রশাসনিক কাজকর্ম চললেও একাডেমিক কাজকর্ম সম্পূর্ণ বন্ধ রয়েছে। উল্লেখ্য, গত ১৭ সেপ্টেম্বর ক্যাম্পাসে ছাত্রলীগ ও ছাত্রশিবিরের মধ্যে সংঘটিত এক রক্তক্ষয়ী সংঘর্ষের পর বিশ্ববিদ্যালয় অচল হয়ে পড়ে।